

জেলা প্রতিনিধি | চট্টগ্রাম | 18 April, 2025

খাগড়াছড়িতে পাহাড় থেকে দেশীয় এলজি বন্ধুক ও গুলি উদ্ধার করেছে পুলিশ। শুক্রবার (১৮ এপ্রিল) সন্ধ্যায় পৌরসভার মোহাম্মদপুর এলাকায় অভিযান চালিয়ে এই অস্ত্র ও গুলি উদ্ধার করা হয়। পুলিশ জানায়, নাশকতার উদ্দেশে মোহাম্মদপুর এলাকায় পাহাড়ে কয়েকজন সন্ত্রাসী অবস্থান করছে—এমন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করে পুলিশ। পুলিশের উপস্থিতি টের পেয়ে সন্ত্রাসীরা তাদের সঙ্গে থাকা অস্ত্র ও গুলি ফেলে পাহাড়ের জঙ্গলে পালিয়ে যায়। পরে সেখান থেকে স্থানীয় জনগণের উপস্থিতিতে তল্লাশি করে একটি দেশীয় এলজি বন্ধুক ও গুলি উদ্ধার করা হয়।

খাগড়াছড়ি সদর থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল বাতেন মুখা বলেন, অস্ত্র উদ্ধারের ঘটনায় মামলা দায়ের করা হবে। পলাতক সন্ত্রাসীদের গ্রেপ্তারে অভিযান পরিচালনা করা হচ্ছে।

খাগড়াছড়ি গুলি পুলিশ